# AKASHVANI(AIR)

## RNU: KOLKATA

### Bengali TextBulletin

**04-04-2026** **Time: 1.40 PM**

বিশেষ বিশেষ খবরঃ-

১/ পশ্চিমবঙ্গে অবাধ, সুষ্ঠু ও নিরপেক্ষভাবে ভোট গ্রহণ সুনিশ্চিত করার জন্য নির্বাচন কমিশন, রাজ্যের মুখ্যসচিব, পুলিশের মহা নির্দেশক, পুলিশ কমিশনার, জেলাশাসক ও পুলিশ সুপারদের স্পষ্ট নির্দেশ দিয়েছে।

2/ভোটার তালিকা থেকে নাম বাদ পড়লে বিচারবিভাগীয় ট্রাইবুনালে আবেদন করার প্রক্রিয়া সম্পর্কে নির্বাচন কমিশন সুস্পষ্ট নির্দেশিকা জারি করেছে।

3/ নির্বাচন কমিশন রাজ্যে আসন্ন বিধানসভা নির্বাচনের আগে রাজ্যে ৪,৬৬০টি সহায়ক বা অক্সিলিয়ারি ভোটকেন্দ্র তৈরির অনুমোদন দিয়েছে।

4/ অভিনেতা রাহুল অরুণদয় ব্যানার্জীর অস্বাভাবিক মৃত্যুর ঘটনায় আর্টিস্ট ফোরামের তরফে আজ প্রযোজনা সংস্থার বিরুদ্ধে থানায় এফআইআর করা হবে।

5/ আইএসএলে আজ মোহনবাগান সুপার জায়ান্ট জামসেদপুর এফসি এর বিরুদ্ধে খেলবে।

oooooooooooooooooooooooo

পশ্চিমবঙ্গে অবাধ, সুষ্ঠু ও নিরপেক্ষভাবে ভোট গ্রহণ সুনিশ্চিত করার জন্য নির্বাচন কমিশন, রাজ্যের মুখ্যসচিব, পুলিশের মহা নির্দেশক, কলকাতার পুলিশ কমিশনার, বিভাগীয় কমিশনার, পুলিশের অতিরিক্ত মহা নির্দেশক, আই জি, কলকাতার নগরপাল, জেলাশাসক ও পুলিশ জেলা সুপারদের স্পষ্ট নির্দেশ দিয়েছে।

মুখ্য নির্বাচন কমিশনার জ্ঞানেশ কুমার ও দুই নির্বাচন কমিশনার ডক্টর সুখবীর সিং সান্ধু ও ডক্টর বিবেক যোশী গতকাল তাঁদের সঙ্গে ভার্চুয়াল এক বৈঠকে এই নির্দেশ দেন।
ভোটদাতারা যাতে ভয় ও হিংসামুক্ত পরিবেশে তাঁদের গণতান্ত্রিক অধিকার প্রয়োগ করতে পারেন, সে ব্যাপারে স্পষ্ট বার্তা দিয়েছে কমিশন। এদিকে, রাজ্যের মুখ্যসচিব দুস্মন্ত নারিয়ালা আইন-শৃঙ্খলা রক্ষায় জেলাশাসক ও পুলিশ সুপারদের সবরকম পদক্ষেপ করতে নির্দেশ দিয়েছেন। গতকাল নবান্নে এক ভার্চুয়াল বৈঠকে তিনি স্পষ্টভাবে জানান, কোনওভাবেই জেলাগুলিতে যেন ভোটের আগে অশান্তি না ছড়ায়। আগে থেকে আরও তথ্য সংগ্রহের উপর জোর দিয়ে গোলমালের আশঙ্কা থাকলে সুরক্ষা ব্যবস্থা মজবুত করার নির্দেশ দেন তিনি।

এই বৈঠকে অ্যাপিলেট ট্রাইব্যুনালে জমা করা আবেদনগুলি কীভাবে বিবেচনা করা হবে তা নিয়েও আলোচনা হয়। অফলাইনে জমা করা আবেদন, কীভাবে অনলাইনে আপলোড করা যায় সে সংক্রান্ত জেলাশাদের দেওইয়া একাধিক প্রস্তাব মুখ্যসচিব লিখিত ভাবে পাঠাতে বলেন। সেগুলি দেখে পরবর্তী ব্যবস্থা নেওয়া হবে।

ooooooooooooooooooooooooo

ভোটার তালিকা থেকে নাম বাদ পড়লে বিচারবিভাগীয় ট্রাইবুনালে আবেদন করার প্রক্রিয়া সম্পর্কে নির্বাচন কমিশন সুস্পষ্ট নির্দেশিকা জারি করেছে।
কমিশন জানিয়েছে, যাঁরা বিচার বিভাগের বিবেচনার পরেও ভোটার তালিকা থেকে বাদ পড়ছেন, তাঁরা আপিল ট্রাইবুনালে আবেদন করতে পারবেন। এই আবেদন অনলাইন এবং অফলাইন—দুইভাবেই করা যাবে।

অনলাইনে আবেদন করার জন্য ভোটারদের কমিশনের নির্দিষ্ট পোর্টালে গিয়ে ‘submit appeals for individuals (under adjudication)’ অপশন ব্যবহার করতে হবে। অফলাইনে আবেদন করতে হলে সংশ্লিষ্ট জেলাশাসক বা মহকুমা শাসকের দফতরে আবেদন জমা দেওয়া যাবে, যেখানে তা ডিজিটাল আকারে আপলোড করা হবে।

অফলাইন আবেদনের ক্ষেত্রে আবেদনকারীর এপিক নম্বর উল্লেখ করা বাধ্যতামূলক। প্রয়োজনে যাঁর নাম অন্তর্ভুক্ত বা বাদ দেওয়া নিয়ে আপত্তি, তাঁর এপিক নম্বরও দিতে হবে।

কমিশন আরও জানিয়েছে, ২৮ ফেব্রুয়ারি প্রকাশিত চূড়ান্ত ভোটার তালিকা সংক্রান্ত আপিলগুলির নিষ্পত্তি সংশ্লিষ্ট জেলাশাসকের তত্ত্বাবধানে করা হবে।

উল্লেখ করা যেতে পারে, বিবেচনাধীন তালিকায় প্রায় ৫০ লক্ষ ভোটারের নিস্পত্তি ইতিমধ্যেই হয়েছে। যাদের নাম বাদ গিয়েছে নতুন করে তাঁদের নাম তুলতে ২৩ জেলার জন্য ১৯টি ট্রাইব্যুনাল গঠন করা হয়েছে।

এদিকে, রাজ্যে SIR ট্রাইবুনালের কাজ শুরু হতে চলেছে। প্রথম মামলা হিসেবে ফারাক্কার কংগ্রেস প্রার্থীর আবেদন শোনা হবে। সুপ্রিম কোর্ট সোমবার দুপুরের মধ্যে ওই আবেদন নিষ্পত্তির নির্দেশ দিয়েছে। কলকাতা হাইকোর্টের প্রাক্তন প্রধান বিচারপতি টি এস শিভাজ্ঞ্যানম এই শুনানি গ্রহণ করবেন। তবে ট্রাইব্যুনাল পুরোদমে কবে কাজ শুরু করবে সে ব্যাপারে এখনও স্পষ্ট ভাবে কিছু জানানো হয় নি।

০০০০০০০০০০০০০০০০০০০০০০০০০

নির্বাচন কমিশন রাজ্যে আসন্ন বিধানসভা নির্বাচনের আগে রাজ্যে ৪,৬৬০টি সহায়ক বা অক্সিলিয়ারি ভোটকেন্দ্র তৈরির অনুমোদন দিয়েছে।কমিশন সূত্রে জানা গেছে, যেখানে কোনও বুথে ভোটারের সংখ্যা ১,২০০-র বেশি, সেখানেই এই অতিরিক্ত বুথ তৈরি করা হবে। এর ফলে ভোটারদের ভিড় কমবে এবং সহজে ভোটদান সম্ভব হবে।

এছাড়াও, ভোটারদের সুবিধার্থে ৩২১টি ভোটকেন্দ্রের অবস্থান পরিবর্তনের অনুমোদন দেওয়া হয়েছে। নতুন জায়গায় স্থানান্তরের ক্ষেত্রে সংশ্লিষ্ট এলাকার ভোটারদের পৃথকভাবে জানানো হবে বলে নির্দেশ দিয়েছে কমিশন।সব মিলিয়ে সহায়ক বুথ-সহ রাজ্যে মোট ভোটকেন্দ্রের সংখ্যা দাঁড়াল ৮৫,৩৭৯।

কমিশনের নির্দেশে আরও বলা হয়েছে, নতুন বুথ তৈরি ও স্থান পরিবর্তনের বিষয়ে ব্যাপক প্রচার চালাতে হবে এবং রাজনৈতিক দলগুলিকেও লিখিতভাবে জানাতে হবে।

একইসঙ্গে সমস্ত নির্বাচন-সংশ্লিষ্ট আধিকারিকদের এই বিষয়ে অবহিত করার কথা বলা হয়েছে।

০০০০০০০০০০০০০০০০০০০০০০০০০০

ভোটারদের হুমকি দেওয়ার অভিযোগে দক্ষিণ চব্বিশ পরগণার দেউলি ১ নং গ্রাম পঞ্চায়েতের প্রধান, তৃণমূল কংগ্রেস নেতা হাফিজুল মোল্লাকে পুলিশ গ্রেফতার করেছে। ওই জেলায় বিরোধীদের হুমকি দেওয়ার অভিযোগ উঠেছিল তার বিরুদ্ধে। নির্বাচন কমিশনের আধিকারিক জানিয়েছেন, অভিযুক্তের বিরুদ্ধে রাজ্য পুলিশ যথাযথ ব্যবস্থা নেবে।

এদিকে, ভোটারদের বাড়িতে গিয়ে বিজেপিকে ভোট না দেওয়ার হুঁশিয়ারি দেওয়ায় মুর্শিদাবাদের বহরমপুর পুরসভার ৮ নম্বর ওয়ার্ড সভাপতি রাজু মণ্ডলকে পুলিশ আটক করেছে। গত পয়লা এপ্রিল তৃণমূল কংগ্রেস প্রার্থীর সমর্থনে ভোট প্রচারের সময়ে এই হুঁশিয়ারি দেওয়া হয় বলে অভিযোগ। ভয় দেখানোর ওই অভিযোগ ভাইরাল হওয়ার পরেই, নির্বাচান কমিশন তাকে আটক করার নির্দেশ দেয়।

বিজেপি-র মুখপাত্র দেবজিত সরকার এবিষয়ে বলেন –

(বাইট – দেবজিৎ সরকার)

০০০০০০০০০০০০০০০০০০০০০০০০০০

মুর্শিদাবাদের বহরমপুরে ভোটের প্রচারের সময়ে কংগ্রেস প্রার্থী অধীর চৌধুরীকে হেনস্থার অভিযোগ উঠেছে তৃণমূল কংগ্রেসের বিরুদ্ধে। আজ সকালে বহরমপুর পুরসভার ১৯ নম্বর ওয়ার্ডে অধীর চৌধুরী ভোটের প্রচারে বেরোলে, তৃণমূল কর্মীরা তাঁকে বাধা দেন। আরও অভিযোগ, ওয়ার্ডের তৃণমূল কাউন্সিলর ভীষ্মদেব কর্মকারের উপস্থিতিতেই বেশ কয়েকজন কংগ্রেস কর্মীকে মারধর করা হয়েছে।এই ঘটনাকে কেন্দ্র করে উত্তেজনা ছড়িয়েছে এলাকায়।

এদিকে, এস আই আর ক্যাম্পে ভাংচুর ও বিডিওকে হেনস্থায় অভিযুক্ত মুর্শিদাবাদের ফারাক্কার বিক্ষুব্ধ তৃণমূল বিধায়ক মনিরুল ইসলাম, ২০১৬ র তৃণমূল কংগ্রেসের প্রার্থী মহম্মদ মোস্তাফা দুজনেই নির্দল হিসেবে ফারাক্কা কেন্দ্র থেকে আজ তাদের মনোনয়ন জমা দিচ্ছেন । হুমায়ুনের এজে ইউপি প্রার্থীরাও আজ মনোনয়ন জমা দিচ্ছেন।আজ মুর্শিদাবাদের ৫ টি মহকুমা অফিস, জেলাশাসকের, এবং অতিরিক্ত জেলাশাসক ভূমিসংস্কারের দপ্তরের মতো ৭ টি জায়গায় চলছে মনোনয়ন জমা নেওয়ার কাজ। বহরমপুর, কান্দি, জঙ্গীপুর, ডোমকল, লালবাগ সহ সব জায়গা নিরাপত্তার চাদরে মুড়ে ফেলা হয়েছে।

ooooooooooooooooooooooooo

রাজ্যে ক্রীড়া ক্ষেত্রে পরিকাঠামোর অভাব রয়েছে বলে বিজেপি নেতা লিয়েন্ডার পেজ অভিযোগ করেছেন। কলকাতায় আজ এক সাংবাদিক বৈঠকে এবিষয়ে তিনি উদ্বেগ প্রকাশ করে বলেন, রাজ্যে ক্রিকেট খেলার জন্য ইডেন উদ্যান এবং ফুটবলের জন্য যুবভারতী ক্রীড়াঙ্গন থাকলেও অন্যান্য খেলার জন্য, বিশেষ করে ইন্ডোর টেনিস কোর্টের অভাব রয়েছে। অতীতে রাজ্য ক্রীড়া ক্ষেত্রে উল্লেখযোগ্য সাফল্য পেলেও গত কয়েক দশকে সেই ধারাবাহিকতা বজায় রাখতে পারেনি।

বাইট- লিয়েন্ডার পেজ

অলিম্পিকে পদক জয়ের ক্ষেত্রেও এরাজ্যের অবদান সীমিত। তাই ক্রীড়া নীতির পুনর্বিবেচনার প্রয়োজন। লিয়েন্ডার পেজ আরো বলেন, তিনি প্রধানমন্ত্রীর সঙ্গে সাক্ষাৎ করে রাজ্যের যুবসমাজ ও ক্রীড়ার উন্নয়ন নিয়ে আলোচনা করেছেন। ২০৩৬ সালে ভারতে অলিম্পিক খেলার আয়োজন করা এবং দেশের ক্রীড়া ক্ষেত্রে উল্লেখযোগ্য সাফল্য অর্জন করা তার মূল লক্ষ্য বলে লিয়েন্ডার পেজ জানিয়েছেন।

ooooooooooooooooooooooooo

রাজ্যের এডিজি সিআইডি তথা কলকাতার প্রাক্তন পুলিশ কমিশনার সুপ্রতিম সরকারকে তামিলনাড়ুতে পুলিশ অবজারভার হিসেবে নিয়োগ করা হয়েছে। তামিলনাড়ুর পাঁচটি বিধানসভা কেন্দ্রের জন্য পুলিশ অবজারভারের দায়িত্ব পালন করবেন তিনি। আইন-শৃঙ্খলা পরিস্থিতি পর্যবেক্ষণ, কেন্দ্রীয় বাহিনীর মোতায়েন ও নিরাপত্তা সংক্রান্ত বিষয়গুলি নজরে রাখবেন তিনি।

কমিশনের নির্দেশ অনুযায়ী, দ্রুত দায়িত্ব গ্রহণ করতে বলা হয়েছে তাঁকে। নির্বাচনকালীন নিরাপত্তা ব্যবস্থার ওপর সরাসরি নজরদারি এবং কমিশনকে সে সংক্রান্ত রিপোর্ট তিনি দেবেন বলেও জানা গিয়েছে।

০০০০০০০০০০০০০০০০০০০০০০০০০

অভিনেতার রাহুল অরুণোদয় ব্যানার্জীর অস্বাভাবিক মৃত্যুর ঘটনায় আর্টিস্ট ফোরামের তরফে আজ সংশ্লিষ্ট থানায় এফআইআর করা হবে। আর্টিস্ট ফোরামের সম্পাদক শান্তিলাল মুখোপাধ্যায় জানিয়েছেন, তাদের তরফে তালসারিতে যে সিরিয়ালের শুটিং চলাকালীন রাহুলের মৃত্যু হয়েছে সেই প্রযোজনা সংস্থাকে একটি চিঠি দেওয়া হয়। তার উত্তর সন্তোষজনক না হওয়ায় তারা এফ এই আর করার সিদ্ধান্ত নিয়েছে।

বাইট(শান্তিলাল মুখোপাধ্যায়)

এদিকে আজই বিকেলে এই অস্বাভাবিক মৃত্যুর ঘটনা তদন্ত চেয়ে একটি মিছিল ডাকা হয়েছে, তবে সেই মিছিল তাদের তরফে ডাকা হয়নি বলেও সম্পাদক জানিয়েছেন।

০০০০০০০০০০০০০০০০০০০০০০০০

উত্তর ২৪ পরগনার ঠাকুরনগর স্টেশনে আজ সকাল ১০-টা নাগাদ বনগাঁগামী একটি ট্রেনের ধাক্কায় অজ্ঞাত পরিচয় এক যুবকের মৃত্যু হয়েছে। নব নির্মিত আন্ডারপাস পার হওয়ার পর হঠাৎ-ই ওই যুবক রেললাইনের ওপরে চলে এলে দ্রুতগতিতে ছুটে আসা ট্রেনের ধাক্কায় ঘটনাস্থলেই মৃত্যু হয় তার। খবর দেওয়া হয় স্টেশন কর্তৃপক্ষকে। ঘটনাস্থলে পৌঁছয় রেলরক্ষী বাহিনী।

oooooooooooooooooooooooo

পূর্ব রেলের হাওড়া ডিভিশনের বিভিন্ন সেকশনে রক্ষনাবেক্ষণ কাজের জন্য আগামীকাল ( ৫ই এপ্রিল) ট্রেন চলাচলে নিয়ন্ত্রণ করা হবে। এই কারণে ওই দিন হাওড়া থেকে ১৯ টি , ব্যান্ডেল ও বর্ধমান থেকে ৭ , কাটোয়া থেকে ৩, মেমারি ও চন্দনপুর থেকে ২ এবং পান্ডুয়া আজিমগঞ্জ , শিয়ালদা ও বারুইপাড়া থেকে ১ টি করে , ট্রেন বাতিল থাকবে।

রামপুরহাট - কাটোয়া প্যাসেঞ্জার আজিমগঞ্জ স্টেশনে যাত্রা শেষ করবে এবং কাটোয়া - রামপুরহাট প্যাসেঞ্জার, রামপুরহাট থেকে যাত্রা শুরু করবে। এছাড়া, ওই দিন হাওড়া - জামালপুর কবিগুরু এক্সপ্রেস, রামপুরহাট - Jasidih MEMU, Godda - শিয়ালদা MEMU, কাটোয়া - নিমতিতা প্যাসেঞ্জার এবং শিয়ালদা - সাবরুম কাঞ্চনজঙ্ঘা এক্সপ্রেস এর সময় সূচি পরিবর্তন হচ্ছে বলে রেল সূত্রে জানা গেছে।

oooooooooooooooooooooooo

দমদম জংশন স্টেশনে নন-ইন্টারলকিং কাজের জন্য, আজ রাত ১১’টা ৫০ মিনিট থেকে আগামীকাল (রবিবার) ভোর ৪টে ২০ মিনিট পর্যন্ত ট্রাফিক ব্লকের কাজ চলবে।

এজন্য আজ ও আগামীকাল ও রবিবার, শিয়ালদা থেকে ডানকুনি, রাণাঘাট, নৈহাটি, বনগাঁ ও কৃষ্ণনগরের মধ্যে বেশ কিছু আপ ও ডাউন লোকাল ট্রেন বাতিল থাকবে।

বেশ কিছু ট্রেনের যাত্রাপথ সংক্ষিপ্ত করা হবে।

oooooooooooooooooooooooo

বাতাসে আদ্রতার পরিমাণ বেশি থাকায় উষ্ণ ও অস্বস্তিকর আবহাওয়া বজায় রয়েছে। আজ দক্ষিণবঙ্গের কলকাতা পুরুলিয়া বাঁকুড়া হাওড়া পশ্চিম বর্ধমান পশ্চিম মেদিনীপুর বীরভূম উত্তর ২৪ পরগনা এবং হুগলি জেলায় হলুদ সর্তকতা রয়েছে। তবে পশ্চিমের জেলাগুলিতে স্থানীয়ভাবে বজ্রগর্ভ মেঘের কারণে হালকা বৃষ্টি হওয়ার সম্ভাবনা

রয়েছে। এদিকে, গতকাল দক্ষিণবঙ্গের পানাগড়ে সর্বাধিক সর্বোচ্চ তাপমাত্রা রেকর্ড করা হয় ৪০ দশমিক ৪ ডিগ্রি সেলসিয়াস, অন্যদিকে উত্তরবঙ্গের সর্বাধিক সর্বোচ্চ তাপমাত্রা ছিল মালদায় ৩৮ দশমিক ৫ ডিগ্রি সেলসিয়াস। তবে আগামীকাল থেকে পরবর্তী তিন চার দিনে আকাশ মেঘলা থাকা এবং বৃষ্টির সম্ভাবনা তৈরি হওয়ায় তাপমাত্রা বেশ কিছুটা কমবে বলে আলিপুর আবহাওয়া দপ্তরের বিজ্ঞানী ডঃ সৌরিশ বন্দোপাধ্যায় আকাশবাণীকে জানিয়েছেন। উত্তরবঙ্গের উত্তরের জেলাগুলিতে আজ স্থানীয়ভাবে বৃষ্টির সম্ভাবনা রয়েছে। আগামী মঙ্গলবার থেকে বৃষ্টির পরিমাণ বাড়বে।

oooooooooooooooooooooooo

ISL ফুটবলে আজ মোহনবাগান সুপার জায়ান্ট, জামশেদপুর FC-র বিরূদ্ধে খেলবে। জামশেদপুরে জে আর ডি টাটা স্পোর্টস কমপ্লেক্সে খেলা শুরু হবে বিকেল পাঁচটায়।
মোহনবাগান ৬ ম্যাচে ১৩ পয়েন্ট নিয়ে লিগ তালিকার দ্বিতীয় স্থানে রয়েছে। জামশেদপুরে ৬ ম্যাচে পয়েন্ট ১৩ । তবে গোল পার্থক্যে তারা তৃতীয় স্থানে আছে। শীর্ষে আছে মুম্বাই সিটি এফ সি। তাদের ৬ ম্যাচে পয়েন্ট ১৪ ।

oooooooooooooooooooooooo

oooooooooooooooooooooooo